গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর,
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

**বিষয়ঃ৩০/১১/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা এর (জুম প্লাটফর্মে অনুষ্ঠিত) অক্টোবর/২৩ মাসের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

স্থানঃ সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
তারিখঃ ৩০/১১/২০২৩ খ্রিঃ।
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো।
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের সহকারী পরিচালক সভা সঞ্চালন করেন এবং আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সূচী অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) বাস্তবায়ন | সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ বিষয়ে বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিসেম্বরের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শেষ করতে হবে এবং ডাটাবেইজে আপলোড করতে হবে।<br>২। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অভয়াশ্রম মেরামত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। বিল নার্সারী স্থাপন কার্যক্রমে কারো অতিরিক্ত চাহিদা থাকলে অবিলম্বে চাহিদা পত্র পাঠাতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/ খামার ব্যবস্থাপক |
| ২ | **ওয়েব পোর্টাল হালনাগাদ করণ** | সভায় **ওয়েব পোর্টাল হালনাগাদ করণ** বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তাগণ নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন। বিষয়টি অতীব জরুরী।<br>২। জেলা মৎস্য কর্মকর্তাগণ উপজেলা দপ্তর পরিদর্শন কালে ওয়েব পোর্টাল পর্যবেক্ষণপূর্বক ত্রুটি গুলো সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক/ জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৩ | **জাটকা সংরক্ষণ কার্যক্রম** | সভায় জাটকা রক্ষা কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।সভাপতি নিয়মিত নির্ধারিত ছকে জাটকা রক্ষা কার্যক্রম এর নির্ভুল প্রতিবেদন প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। | ১। নিয়মিত নির্ধারিত ছকে জাটকা রক্ষা কার্যক্রম এর নির্ভুল প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>২। অভিযান/ মোবাইলকোর্ট করার আগে আইন শৃংখলা বাহিনীকে অবগত করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৪ | **অনিষ্পন্ন অডিট আপত্তি** | অনিষ্পন্ন অডিট আপত্তি বিষয়ে সভায় আলোচনা করা হয়। যথাযথ প্রমানকসহ জবাব প্রেরণ করার জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। সভাপতি অডিট বিষয়ে ইনহাউজ প্রশিক্ষণ এবং অডিট নিস্পত্তির উপর গুরুত্ব আরোপ করেন। | ১। যে সকল জেলায় অডিট আপত্তি আছে তাদের অডিট আপত্তির ব্রডশীট জবাব যথাযথভবে লিখতে হবে এবং প্রমাণক সহ প্রেরণ করতে হবে। ব্রডশীট এর জারী পত্র না পাওয়া গেলে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ করতে হবে।<br>২। অডিট বিষয়ে ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং জেলা মৎস্য কর্মকর্তাগণ সংশ্লিষ্ট উপজেলায় অডিট বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | উপপরিচালক/ জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৫ | **মৎস্য খাতে ক্ষুদ্র ঋণ কর্মসূচী** | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। কোন কোন জেলায় আদায়ের হার খুব কম। অনাদায়ী ঋণ আদায়ের দ্রুত ব্যবস্থা নিতে হবে। মাসিক মিটিংয়ে এ বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | জেলে নিবন্ধন হালনাগাদ করণ | সভায় জেলে নিবন্ধন হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জেলে নিবন্ধন চাহিদা দ্রুত পাঠাতে হবে। বাদ পড়া জেলেদের ক্ষেত্রে অফিস আদেশ ও রেজুলেশনসহ তালিকা পাঠাতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৭ | শুদ্ধাচার ও নৈতিকতা | সভাপতি জেলা পর্যায়ে শুদ্ধাচার নিয়ে নিয়মিত সভা এবং শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া জেলা/ উপজেলা/ খামারের সকল প্রশিক্ষণ সিডিউলে শুদ্ধাচার বিষয়ক সেশন অন্তর্ভূক্ত করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | ১। জেলা মৎস্য কর্মকর্তা ও সিঃ উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নিয়মিত ওয়েবপোর্টালে আপলোড করবেন।<br>২। ইনহাউজ প্রশিক্ষণ সিডিউলে শুদ্ধাচার বিষয়ক সেশন অন্তর্ভূক্ত করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৮ | ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেশন আইডিয়া | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং স্ব স্ব দপ্তর ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | ১। উপজেলা সমূহের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা মৎস্য দপ্তর কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে এবং উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ পূর্বক মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৯ | মুক্তা ও ঝিনুক চাষ | সভায় মুক্তা ও ঝিনুক চাষ বিষয়ে আলোচনা করা হয় । | ১। যে সকল খামারে মুক্তা ও ঝিনুক চাষ করা হয় সে সব খামার নিয়মিত মনিটরিং করতে হবে এবং নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক |
| ১০ | অফিস পরিদর্শন | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জেলা মৎস্য কর্মকর্তাগণ উপজেলা দপ্তর পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবেন এবং নিয়মিত ফলোআপ করবেন। | উপপরিচালক/ জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ১১ | হালদা নদী | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। হালদা নদীতে বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ বাস্তবায়নের লক্ষ্যে জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ১২ | সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারীজ প্রকল্প | ২০২৩-২৪ অর্থবছরের ADP ৬৬৮ কোটি ৫২ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। অত্র বিভাগের আওতায় প্রস্তাবিত ৭টি সার্ভেল্যান্স চেকপোস্ট এর কাজ চলমান রয়েছে। এছাড়া টেকনাফে কোয়ারেন্টাইন ল্যাবের কাজ এবং চট্টগ্রামের পতেংগায় রেফারেন্স ল্যাবের কাজ চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ৬৪৬ ব্যাচ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১। অনুমোদিত এডিপির আলোকে কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা, উপপ্রকল্প পরিচালক, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ১৩ | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য চাষ উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প | চলতি ২০২৩-২৪ অর্থবছরে মোট ৬০ টি ক্রিক উন্নয়ন, ৩৩ ব্যাচ প্রশিক্ষণ ৫০ টি প্রদর্শনী খামার, ২৫০ জেলে পরিবারকে এআইজিএ উপকরণ সহায়তা প্রদান, জেলা মৎস্য অফিস এবং প্রকল্প অফিস নির্মান এবং দুটি উপজেলা অফিস নির্মান করার সংস্থান রয়েছে। এ পর্যন্ত ২১ ব্যাচ প্রশিক্ষণ, ১২টি প্রদর্শনী খামার, ১৮০ জেলে পরিবারকে এআইজিএ উপকরণ সহায়তা প্রদান করা হয়েছে। | ১। অনুমোদিত ডিপিপির আলোকে কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | বিবিধ আলোচনা | ১। সরকারী ওয়েব মেইল ব্যবহার এবং কর্পোরেট সিম ব্যবহার করতে হবে।<br>২। হাওড় এলাকায় অভিযান/মোবাইলকোর্ট অব্যাহত রাখতে হবে।<br>৩। পরিদর্শন প্রতিবেদন ও মাসিক সভার কার্যবিবরণী উপপরিচালক ফিল্ড সার্ভিস বরাবরে প্রেরণ করতে হবে। পরিদর্শন প্রতিবেদন ব্যতীত ভ্রমণভাতা পাশ করা হবে না।<br>৪ । নির্বাচিত নমুনা মৎস্যগ্রাম নিয়মিত মনিটরিং করতে হবে এবং জরুরী ভিত্তিতে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৫। জেলা মৎস্য কর্মকর্তাগণ উপজেলা দপ্তর পরিদর্শনের সময় স্থায়ী মালামালের যে তালিকা প্রেরণ করা হয়েছে তা সঠিক কিনা যাচাই করবেন।<br>৬। সকল ধরনের প্রশিক্ষণে অ্যাকোয়াকালচার মেডিসিনের উপর একটা সেশন রাখতে হবে এবং সাকার ফিশ সম্পর্কে আলোচনা করতে হবে। | | |

১৬. **মৎস্য বীজ উৎপাদন খামারঃ** সভায় খামার ওয়ারী আলোচনাকালে বিভিন্ন খামারের সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | শামুক, ঝিনুক , চাইনিজ কার্প ও সুবর্নরুই | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | শামুক, ঝিনুক, চাইনিজ কার্প ও সুবর্ণরুই চাষ কার্যক্রম চলমান রাখতে হবে এবং নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপকগণ |
| ২ | গলদা চিংড়ির পিএল উৎপাদন | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | গলদা চিংড়ির পিএল উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপকগণ |
| ৩ | দেশীয় প্রজাতির রেণু, পোনা উৎপাদন | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | দেশীয় প্রজাতির রেণু, পোনা উৎপাদন কার্যক্রম অবশ্যই করতে হবে। | সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপকগণ |
| ৪ | খামারের মূল্য তালিকা প্রদর্শন | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | যে সকল খামারে অদ্যাবধি মূল্য তালিকা প্রদর্শন করা হয় নাই সে সকল খামার জরুরী ভিত্তিতে মূল্য তালিকা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপকগণ |
| ৫ | পূর্ত কার্যক্রম | ১। সংশ্লিষ্ট জেলা ও উপজেলা সমূহের পুর্ত কাজের পূর্বের ছবি ও পরের ছবি সংযুক্ত করে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে। | মৎস্য চাষ প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মৎস্য চাষ প্রকৌশলী |

পরিশেষে সভাপতি সকল প্রতিবেদন সঠিকভাবে এবং প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে প্রেরণ করাসহ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে সচেষ্ট থাকার অনুরোধ করেন। অতঃপর বিভাগের সুনাম বৃদ্ধির লক্ষ্যে দলীয়ভাবে কর্মপ্রয়াস চালানোর আহ্বান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুস ছাত্তার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

পত্র নং -৩৩.০২.০০০০.৩০২.৪৪.০০২.১৫.৪৯৯ তারিখ-১৩/১২/২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, ........................................
২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। পরিচালক (সামুদ্রিক), আগ্রাবাদ, সিজিএ বিল্ডিং, চট্টগ্রাম।
৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরীপ), মৎস্য ভবন, ঢাকা।
৭। উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রন দপ্তর, চট্টগ্রাম।
৮। প্রকল্প পরিচালক, .......................................................
৯। জেলা মৎস্য কর্মকর্তা, ..................................................
১০। আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, চিংড়ি চাষ সম্প্রসারণ, কক্সবাজার।
১১। উপপ্রকল্প পরিচালক, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারীজ প্রকল্প, চট্টগ্রাম বিভাগ।
১২। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষীপুর।
১৩। সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (হ্যাচারী/নার্সারীর দায়িত্বে নিয়োজিত),.......................................
১৪। প্রকল্প ব্যবস্থাপক, এডিবি চিংড়ি হ্যাচারী, কক্সবাজার।
১৫। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, .......................................................
১৬। মৎস্য চাষ প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
১৭। জনাব ..........................................................................................................

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।